


“শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা  
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
৮৯/২, কাকরাইল, ঢাকা।  
প্রশাসন শাখা  
[www.bmet.gov.bd](http://www.bmet.gov.bd)



### অক্টোবর/২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার সভাপতি : জনাব মোঃ শহীদুল আলম এনডিসি (অতিরিক্ত সচিব)  
মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
তারিখ : ১১/১০/২০২২ খ্রিঃ, সকাল ১১.০০ টা  
সভার স্থান : বিএমইটি'র সম্মেলন কক্ষ

#### **উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে সকলকে নিষ্ঠা, সততা ও দক্ষতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের আহ্বানসহ বিএমইটি'র সকল কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের আহ্বান জানান।

০২। বিগত সেপ্টেম্বর/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয়। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়। বিস্তারিত আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

#### **০১। প্রশাসন ও অর্থ শাখার কার্যক্রম:**

##### **১.১ APA/NIS লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত:**

সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA/NIS) ও উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, ২০২২-২৩ অর্থ বছরের NIS এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরিত। কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নকারী শাখা অনুযায়ী বিভাজন করে নির্দেশনা প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত-১.১: ২০২২-২৩ APA/NIS এর কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী APA/NIS এর কর্মসম্পাদন সূচক অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্টদের সচেতন হওয়ার নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে: পরিচালক (সকল), প্রকল্প পরিচালক (সকল), ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA/NIS)।

##### **১.২ নিয়োগবিধি সংক্রান্ত:**

সভায় পরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, নিয়োগবিধি চূড়ান্তকরণ বিষয়ে উপপরিচালক (প্রশাসন ও অর্থ) লিয়াজো অফিসার হিসেবে সার্বক্ষণিক প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখছেন। তিনি আরও জানান যে, ১১-২০তম গ্রেডের ১০৭৬ পদে জনবল নিয়োগে প্রশাসনিক মন্ত্রণালয় হতে নিয়োগানুমতি পাওয়া গিয়েছে। নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন।

সিদ্ধান্ত- ১.২: নিয়োগবিধি চূড়ান্তকরণে দ্রুত সভা আহ্বান করার সিদ্ধান্ত হয়। খসড়া নিয়োগবিধি অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তির ড্রাফট প্রস্তুত করে রাখার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ)।

##### **১.৩ PDS বাস্তবায়ন সংক্রান্ত :**

সভায় উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, STEP এর সহায়তায় Leads Corporation কর্তৃক Human Resoures Development Software মডিউল Enhancement অনুযায়ী কর্মকর্তা/কর্মচারী PDS এর আওতায় আনা হয়েছে। তিনি আরও জানান যে, ১০/১০/২০২২ পর্যন্ত ২৫৬১টি পূরণকৃত পদের মধ্যে ২৫২৩টি ডাটা এন্ট্রি হয়েছে যার মধ্যে বিএমইটিতে ১৬৩ জন, আইএমটি ১৭৭ জন, টিটিসি ১৯৩১ জন, ডিইএমও ২৪২ জন, বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস ০৮ জন এবং শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর ১৬জন।

সিদ্ধান্ত -১.৩: PDS এ অনুসন্ধান অপসনগুলো চালু করার নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে: প্রশাসন ও অর্থ শাখা, বিএমইটি।

##### **আইটি শাখা:**

##### **১.৪ বিএমইটি'র সার্ভার সংক্রান্ত :**

বিএমইটি'র সার্ভার ব্যবস্থাপনার বিষয়ে সিস্টেম এনালিস্ট জানান যে, সার্ভারে ডাটা স্টোরেজ এর বিষয়ে ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী সভায় বিষয়টি চূড়ান্তকরণ হবে।

সিদ্ধান্ত- ১.৪: বিএমইটি'র সার্ভার ব্যবস্থাপনা শক্তিশালী করণের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: প্রশাসন ও অর্থ এবং আইটি শাখা।

##### **১.৫ বিএমইটি'র সমন্বয় সভায় সকলের অংশগ্রহণ সংক্রান্ত :**

সভায় জানানো হয় বিএমইটি'র সভা/সেমিনারে শতভাগ উপস্থিতি নিশ্চিতকরণ অনলাইনে সভায় যুক্ত থাকার জন্য জুম লিংক এর ব্যবস্থা চালু করা হয়েছে।

সিদ্ধান্ত- ১.৫: তিন মাস পরপর বিএমইটি'র মাসিক সমন্বয় সভায় অধীনস্থ অফিস প্রধানগণ অনলাইনে সংযুক্ত থাকবেন মর্মে সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (স্বাধীন সেবা) এবং সিস্টেম এনালিস্ট।

সাধারণ সেবা :

**১.৬ মূল ভবনের উপরে ফ্লোর নির্মাণ সংক্রান্ত :**

সভায় উপপরিচালক (সাধারণ সেবা) বলেন জ্বালানী খরচ ২৫% কমানো এবং জ্বালানী খরচ ৫০% এ নেমে আনার বিষয়ে পত্র দেওয়া হয়েছে। কার্যক্রম চলমান। এছাড়াও বাজেটের বিষয়ে আলোচনা করেন।

সিদ্ধান্ত- ১.৬: রাজস্ব বাজেটে যে সমস্ত ফান্ডে অর্থ জমা আছে সে সকল অর্থ দিয়ে বিএমইটি'র মূল ভবনের উপরে ফ্লোর নির্মাণ করার বিষয়ে পর্যালোচনার সিদ্ধান্ত হয়। ৪/৫ মাসের মধ্যে টেন্ডার দেওয়ার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপপরিচালক (সাধারণ সেবা)

**০২। বহির্গমন শাখার কার্যক্রমঃ**

পরিচালক (বহির্গমন) সমন্বয় সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিন ২৮ সেপ্টেম্বর ২০২২ এ ৭৬ জন কর্মীর অনলাইন বহির্গমন ছাড়পত্র প্রদানের মাধ্যমে কার্যক্রমের উদ্বোধন করা হয়। সার্ভার বন্ধের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। তিনি আরও জানান মালয়েশিয়ার শ্রম বাজারে কর্মী প্রেরণ বাড়ছে। তিনি আইটি শাখায় জনবল বৃদ্ধির কথা বলেন।

সিদ্ধান্ত - ২.১: বহির্গমন শাখার ছাড়পত্র প্রদানের বিষয়টি এ মাসের মধ্যে অনলাইন করার সিদ্ধান্ত হয়। স্মার্ট কার্ডকে স্মার্ট সার্টিফিকেটে রূপান্তর করতে হবে। ৩ জন পরিচালক(উপসচিব) ৫০জন করে মোট ১৫০ জনকে অনলাইন সার্টিফিকেট প্রদানের বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত হয়। বহির্গমন ছাড়পত্র প্রদানের ফি ব্যাংক এর মাধ্যমে ১০০% লেনদেন বাস্তবায়নের সাথে সাথে অনলাইন কার্যক্রম বাড়ানোর সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (বহির্গমন) এবং সিস্টেম এনালিস্ট।

**০৩। কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ**

**রিক্রুটিং এজেন্সির লাইসেন্স বহি সংক্রান্ত :**

সভায় পরিচালক (কর্মসংস্থান) জানান যে, রিক্রুটিং এজেন্সির লাইসেন্স বহি ডিজিটাল লাইসেন্স করার বিষয়ে সাধারণ সেবা শাখার সাথে যোগাযোগ রক্ষা করা হচ্ছে। ডিজিটাল লাইসেন্স প্রস্তুতকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা হয়েছে। ডিজিটাল লাইসেন্স প্রণয়ন এবং সার্ভারের সাথে সিনক্রোনাইজড করার জন্য ৩-৪ মাস সময় লাগবে বলে জানায়। তৎক্ষণিতে লাইসেন্স শাখার কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে সচল রাখার জন্য ন্যূনতম ৫০০টি লাইসেন্স বই বিজিপ্রেস থেকে মুদ্রণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, পরিচালক পর্যায়ে উপপরিচালক এর উপস্থাপনায় গণশুনানী অনুষ্ঠিত হয়েছে।

সিদ্ধান্ত - ৩.১: রিক্রুটিং এজেন্সির লাইসেন্স কাগজের বহি এর সাথে প্লাস্টিকের আইডি কার্ড প্রদানের সিদ্ধান্ত হয়। আইডি কার্ডে QR কোড থাকবে। RAIMS এর সাথে রিক্রুটিং এজেন্সির লাইসেন্স এর মিল থাকবে। কার্ডের নাম্বার দিয়ে ওয়েব সাইট হতে সকল তথ্য দেখার ব্যবস্থা থাকবে।

বাস্তবায়নে: পরিচালক (কর্মসংস্থান) এবং পরিচালক (প্রশাসন ও অর্থ)।

**০৪। গবেষণা সেল এর কার্যক্রমঃ**

**৪.১ বিএমইটি'র “সুবর্ণ সাফল্য” History বই প্রকাশ সংক্রান্ত::**

সভায় উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা বিএমইটি'র গবেষণা সেলের ToR অনুযায়ী সম্পাদিত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সমূহ তুলে ধরেন। তিনি গবেষণা সেলে গবেষণা কাজে বাজেট বরাদ্দের কথা বলেন। তিনি আরও বলেন “সুবর্ণ সাফল্য” বই প্রণয়নের উদ্দেশ্যে ১৫/০৯/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে তথ্য চেয়ে বিএমইটি'র সংশ্লিষ্ট শাখায় পত্র প্রেরণ করা হয়, কোন তথ্য পাওয়া যায় নি। পরবর্তীতে বারবার ব্যক্তিগতভাবে যোগাযোগ করেও এ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায় নি। উল্লেখ্য যে, ১৯৭৬ সাল থেকে বছরভিত্তিক ধারাবাহিক তথ্যের অধিকাংশ-ই প্রশাসন শাখা সংশ্লিষ্ট। এ বিষয়ে প্রত্যেক শাখা হতে ০১(এক) জন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়ে একটি কমিটি গঠন করা যেতে পারে।

সিদ্ধান্ত - ৪.১: বিএমইটি এবং অধীনস্থ অফিসসমূহের সাম্প্রতিক তথ্য সম্পর্কিত বিষয়গুলো নিয়ে “সুবর্ণ সাফল্য” বইটি'র খসড়া প্রস্তুত করে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: গবেষণা সেল, বিএমইটি।

**০৫। প্রশিক্ষণ শাখার কার্যক্রমঃ**

**NTVQF/RPL প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত :**

৫.১ সভায় উপপরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালায় NTVQF এর আওতায় Level কোর্স পরিচালনায় NSDA ও BTEB হতে সংশ্লিষ্ট ট্রেডের CS সংগ্রহের উদ্যোগ নেয়া হয়েছে। ৩৬০ ঘন্টার মেয়াদী কোর্স ৬ মাস পরিচালনায় বিটিইবির সাথে আলোচনা সভা করার পূর্বে প্রশিক্ষণ পরিচালনা এবং প্রশিক্ষণ মান ও পরিকল্পনা শাখার কর্মকর্তাদের সমন্বয়ে অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে একটি আলোচনা সভা আয়োজনের বিষয়ে ইতোমধ্যে নথি উপস্থাপন করা হয়েছে। তিনি আরও জানান টিটিসিতে ছোট ছোট ট্রেডগুলো শিক্ষক স্বল্পতার দরুন

সিদ্ধান্ত - ৫.১: NTVQF/RPL এর আওতায় Level-1 এবং Level-2 কোর্স ৩মাস করে একত্রে ৩৬০ ঘন্টার ৬মাসের কোর্সের বিষয়ে একটি প্রস্তাবনা তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়। টিটিসি/আইএমটি হতে প্রশিক্ষণ প্রাপ্তদের বিদেশে কর্মী হিসেবে প্রেরণের জন্য অধ্যক্ষগণ রিক্রুটিং এজেন্সিকে পত্র দিবেন মর্মে সিদ্ধান্ত হয়। ঢাকার ৩টি টিটিসিতে বিদেশী ডেলিগেট কর্তৃক পরীক্ষা নেওয়ার বিষয়ে উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত হয়।


বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) ও পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)।

৫.২ সভায় টিটিসি'র ছোট ছোট ট্রেডগুলোকে বিভাগ অনুসারে করার বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্ত - ৫.২: টিটিসি'র ছোট ছোট ট্রেডগুলোকে বিভাগ অনুসারে ট্রেডের অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত - ৫.৩: টিটিসিগুলোকে ৩টি ক্যাটাগরিতে বিভাজন করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) ও পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)।



## ০৬। প্রশিক্ষণ মান ও পরিকল্পনা শাখার কার্যক্রমঃ

### ৬.১ ট্রেড বিহীন শিক্ষক সমন্বয় সংক্রান্ত :

সভায় পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা), জানান সকল টিটিসি ও আইএমটি সমূহে সকল প্রশিক্ষণার্থীদেরকে Industrial Attachment করানোর বিষয়ে একটি খসড়া গাইড লাইন প্রস্তুত করা হয়েছে এবং আলোচনার মাধ্যমে যাচাই-বাছাই করে তা চূড়ান্ত করার জন্য সভা আহবানে নথি উপস্থাপন করা হয়েছে। সংশোধনের পর তা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হবে।

সিদ্ধান্ত - ৬.১: প্রশিক্ষণার্থীদেরকে Industrial Attachment করানোর বিষয়ে একটি সভা আহবান করে চূড়ান্ত করণের সিদ্ধান্ত হয়। Industrial Attachment করানোর বিষয়ে প্রয়োজনে প্রশাসনিক মন্ত্রণালয়/শিল্প মন্ত্রণালয় এর সাথে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) এবং পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)।

### ৬.২ ট্রেড বিহীন শিক্ষক সমন্বয় সংক্রান্ত :

সভায় পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা), জানান টিটিসিতে ট্রেড বিহীন শিক্ষকদের বিষয়ে আলোচনা করেন।

সিদ্ধান্ত - ৬.১: শিক্ষকদের সমন্বয় এর বিষয়ে পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) এবং পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) এবং পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)।

## ০৭। প্রকল্পসমূহের কার্যক্রমঃ

### ৭.১ '৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পঃ:

সভায় উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন জানান '৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পটির বাজেট প্রাপ্তি সাপেক্ষে ফিজিবিলিটি স্টাডি করানোর নিমিত্ত বাজেট বরাদ্দে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।

সিদ্ধান্ত - ৬.১: প্রকল্পটির ফিজিবিলিটি স্টাডির জন্য বাজেট বরাদ্দ সাপেক্ষে ফিজিবিলিটি স্টাডির কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন।

### ৭.২ 'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পঃ

সভায় উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন জানান যে, 'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পটি পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করে ৩১/০৮/২০২২ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মন্ত্রণালয় হতে ০১/০৯/২০২২ খ্রিঃ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত - ৭.২: প্রকল্পটি পরিকল্পনা কমিশনের মাধ্যমে একনেক সভায় অনুমোদিত হলে অনুমোদিত ডিপিপি'র নির্দেশনা মোতাবেক প্রকল্প বাস্তবায়ন করা হবে।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) ও উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন

### ৭.৩ 'SEIP ও KOICA' এর অর্থায়নে ৩টি টিটিসি'র আধুনিকায়ন শীর্ষক কার্যক্রম:

সভায় 'SEIP ও KOICA' এর অর্থায়নে বাংলাদেশ-জার্মানি, খুলনা ও সিলেট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ৩টি আধুনিকায়ন বিষয়ে যে সকল কার্যক্রম চলমান রয়েছে সে বিষয়ে আলোচনা করা হয়। SEIP এর অর্থায়নে ৩টি টিটিসি'র অবকাঠামোগত উন্নয়ন, যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। বর্ণিত কার্যক্রম SEIP এর মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। অপরদিকে KOICA এর অর্থায়নে বর্ণিত ৩টি টিটিসি'র CS, CBC, CBLM ও Assessment Tools প্রস্তুতসহ প্রশিক্ষকদের মানোন্নয়নের জন্য দেশে-বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হবে। বর্ণিত কার্যক্রম KOICA কর্তৃক নিয়োজিত প্রতিষ্ঠান KPC এর মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে।

সিদ্ধান্ত - ৭.৩: প্রকল্পটির অধীনে কোন টিটিসিতে কি পর্যায়ের অগ্রগতি হয়েছে তার তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন।

### ০৮। 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ডাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প'

৮.১: প্রকল্প পরিচালক (দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ডাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প) সভায় 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ডাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প'র অধীনে কত জন প্রশিক্ষার্থী ভর্তি হয়েছেন, তন্মধ্যে বিআরটিএ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, কতজন লাইসেন্স প্রাপ্ত হয়েছেন এবং কতজন স্মার্ট কার্ড পেয়েছেন তার তথ্য উপস্থাপন করেন।

সিদ্ধান্ত - ৯.১: 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ডাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প'র অধীনে প্রশিক্ষার্থী ভর্তি এবং উত্তীর্ণ প্রশিক্ষার্থীদের মধ্য হতে কতজন চাকুরী পেয়েছে তার তথ্য সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক (দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ডাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প)

### ৯.১ '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্রগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্প :

৯.১.১: প্রকল্প পরিচালক (৪০টি টিটিসি শীর্ষক প্রকল্প) সভায় জানান '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্রগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্পের ২৪টি টিটিসি গত ২৮/০৭/২০২২ খ্রিঃ তারিখে ওসমানী স্মৃতি মিলনাতয়নে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে। এজন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক ২৪টি টিটিসি সফলভাবে উদ্বোধন করার প্রকল্প সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ লেটার মহাপরিচালক মহোদয় কর্তৃক প্রদানের বিষয়ে বলেন।

সিদ্ধান্ত - ৯.১.১: '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্রগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্পের ২৪টি টিটিসি মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক সফলভাবে উদ্বোধনের জন্য প্রকল্প সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ লেটার দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক (৪০টি টিটিসি শীর্ষক প্রকল্প)।

### ১৯। ডিইএমও, ঢাকা'র কার্যক্রম:

১৯.১: ঢাকা ডিইএমও এর সহকারী পরিচালক সভায় জানান, নতুন করে ১০টি ডিইএমওতে PDO কোর্স পরিচালনার অফিস আদেশ জারী হয়েছে। তিনি ডিইএমওগুলোর জন্য বড় স্পেস অফিস বরাদ্দের বিষয়ে বলেন। ডিইএমওগুলোতে লজিস্টিক সাপোর্ট এবং পিডিও কোর্সের খাতওয়ারী বিভাজনের বিষয়ে বলেন।

সিদ্ধান্ত -১১.১: পিডিও কোর্সে রিসোর্স পার্সনদের ক্লাসের ব্যবস্থাকরণের নির্দেশনা প্রদান করা হয়। ১০টি ডিইএমওতে পিডিও ক্লাস পরিচালনার বিষয়ে সহকারী পরিচালক (ঢাকা ডিইএমও) একটি ড্রাফট দেওয়ার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (বহির্গমন) এবং সহকারী পরিচালক, ডিইএমও, ঢাকা।


### ১৯২ জনশক্তি ক্রীড়া ও সাংস্কৃতিক ফোরাম এর কার্যক্রম:

সভায় জানানো হয় “জনশক্তি ক্রীড়া ও সাংস্কৃতিক ফোরাম” এর তত্ত্বাবধানে মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষ্যে বিকেটিটিসি, ঢাকা ফুটবল মাঠে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বিএমইটি, ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ড, বোয়েসেল, বিআইএমটি নারায়ণগঞ্জ, বিকেটিটিসি ঢাকা, বিজি টিটিসি ঢাকা, প্রবাসী কল্যাণ ব্যাংক এবং শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা টিটিসি'র অংশগ্রহণে “ম্যানপাওয়ার ফুটবল টুর্নামেন্ট (এমএফটি)-২০২২” অনুষ্ঠিত হয়েছে।

সিদ্ধান্ত -১১.১: “জনশক্তি ক্রীড়া ও সাংস্কৃতিক ফোরাম” এর উদ্যোগে এ ধারাটি অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। আন্ত: অধিদপ্তর এর খেলার সিদ্ধান্ত হয়। প্রতিটি প্রতিযোগিতায় ৪ টি দল থাকবে। প্রতিদিন ২টি করে খেলা অনুষ্ঠিত হবে এবং ২দিনে খেলা শেষ হবে। ব্যাডমিন্টন শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা টিটিসিতে ছেলে ও মেয়েদের আলাদা খেলা অনুষ্ঠিত হবে। টিটিসিগুলোতে আন্ত: প্রতিষ্ঠান ভলিবল/ব্যাডমিন্টন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

বাস্তবায়নে: সভাপতি/সদস্য সচিব, “জনশক্তি ক্রীড়া ও সাংস্কৃতিক ফোরাম”; অধ্যক্ষ (সকল)।

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ শহীদুল আলম এনডিসি)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন: ৪৯৩৪৯৯২৫ (অফিস)  
Email-dg@bmet.gov.bd.

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০০২.২২. ২৬৬৭

### অনুলিপিঃ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বিএমইটি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (সকল) বিএমইটি, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অধ্যক্ষ, আইএমটি/ বিআইএমটি/ টিটিসি (সকল)।
৬. উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
৭. উপপরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা।
৯. সহকারী পরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
১০. পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
১১. সহকারী পরিচালক, বিভাগীয়/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর, ঢাকা।
১২. সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. মাস্টার নথি/২০২২।